যুগান্তর

তারিখ 18 APR 2015
পৃষ্ঠা ২ কলাম ৫

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি পরীক্ষা শুরু আজ

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা আজ শনিবার দুপুর ২টা থেকে শুরু হচ্ছে। সারা দেশের ১ হাজার ৬৮৩টি কলেজের ৬৮৩টি কেন্দ্রে ৫-লাখ ৩২ হাজার ১১৭ পরীক্ষার্থী এতে অংশ নিচ্ছেন। পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সব প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে প্রশাসন, সংশ্লিষ্ট কলেজ, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের সহযোগিতা কামনা করেছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. ফয়জুল করিম শুক্রবার বিকালে সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।